सत्यमेव जयते

২০১২—২০১৩ সালের জন্য
৫৮ নং দাবী সম্পর্কে

পশ্চিমবঙ্গ সরকারের
পশ্চিমাঞ্চল উন্নয়ণ বিষয়ক দপ্তর
ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী

ডাঃ সুকুমার হাঁসদা

কর্তৃক প্রদত্ত
বাজেট ভাষণ

মাননীয় স্পীকার,

পশ্চিমবঙ্গ বিধানসভা,

পশ্চিমবঙ্গ,

মহাশয়,

মাননীয় রাজ্যপালের অনুমোদনক্রমে আমি ৫৮ নং দাবির অন্তর্গত নিম্নের মুখ্য খাতগুলির ২০১২-১৩ সালের ব্যয় নির্বাহের জন্য মোট ২০৮,০৯,৪৭,০০০(দুই শত আট কোটি নয় লক্ষ সাতচল্লিশ হাজার) টাকা [যার মধ্যে ভোট অন অ্যাকাউন্ট বাজেটের ৬৯,৩৬,৫০,০০০ (উনসত্তর কোটি ছত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকাও ধরা আছে] ব্যয় বরাদ্দ অনুমোদনের জন্য সভায় পেশ করছি।

(ক) ২৫৭৫-আদার স্পেশাল এরিয়াজ্ প্রোগ্রাম-০২-ব্যাকওয়ার্ড এরিয়াজ্-১০১-এরিয়া ডেভলপমেন্ট-এস.পি.-০২৯-পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ-৩১-গ্র্যান্টস-ইন-এইড-০২-আদার গ্র্যান্টস;

(খ) ২৫৭৫-আদার স্পেশাল এরিয়াজ্ প্রোগ্রাম-০২-ব্যাকওয়ার্ড এরিয়াজ্-৭৮৯-স্পেশাল কমপোনেন্ট প্ল্যান ফর এস.সি-এস.পি.-০১৩-ডেভলপমেন্ট অব পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ-৩১-গ্র্যান্টস-ইন-এইড-০২-আদার গ্র্যান্টস;

(গ) ২৫৭৫-আদার স্পেশাল এরিয়াজ্ প্রোগ্রাম-০২-ব্যাকওয়ার্ড এরিয়াজ্-৭৯৬-ট্রাইব্যাল এরিয়াজ সাব-প্ল্যান-এস.পি.-০১৩-ডেভলপমেন্ট অব পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ-৩১-গ্র্যান্টস-ইন-এইড-০২-আদার গ্র্যান্টস;

(ঘ) ২৫৭৫-আদার স্পেশাল এরিয়াজ্ প্রোগ্রাম-০২-ব্যাকওয়ার্ড এরিয়াজ্-১০১-এরিয়া ডেভলপমেন্ট এন.পি-নন-প্ল্যান.-০১৭-পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ-৩১-গ্র্যান্টস-ইন-এইড;

(ঙ) ২৫৭৫-আদার স্পেশাল এরিয়াজ্ প্রোগ্রাম-০২-ব্যাকওয়ার্ড এরিয়াজ-১০১-এরিয়া ডেভলপমেন্ট এন.পি.-নন-প্ল্যান-০১৬-ডেভলপমেন্ট অব-ঝাড়গ্রাম এরিয়া;

(চ) ২০৫২-সেক্রেটারিয়েট-জেনারেল সার্ভিসেস-০০-০৯০-সেক্রেটারিয়েট-এন.পি.-নন-প্ল্যান.-০২৬-ডেভলপমেন্ট অব পশ্চিমাঞ্চল উন্নয়ন অ্যাফেয়ার্স;

(ছ) ৪৫৭৫-ক্যাপিটাল আউটলে অন আদার স্পেশাল এরিয়াজ্ প্রোগ্রাম-৬০-আদার্স (আর. আই. ডি. এফ.);

২) এই রাজ্যের পশ্চিমাঞ্চলের লাল কাঁকুড়ে মাটিযুক্ত অপেক্ষাকৃত অনুর্বর এলাকার তফশিলী জাতি ও উপজাতি এবং অপেক্ষাকৃত অনুন্নত মানুষের স্বার্থে ঐ অঞ্চলের সামাজিক উন্নয়নের লক্ষ্যে রাজ্যের পাঁচটি জেলার (পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়া, বর্ধমান ও বীরভূম) ৭৪টি ব্লকের প্রায় এককোটি জনসংখ্যার এলাকা উন্নয়নের জন্য ২০০০ সালের মে মাসে পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ গঠন করা হয়েছিল। ২০০৬ সালের ডিসেম্বর মাস থেকে পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক বিভাগের প্রশাসনিক অধীনে কাজ করছে।

৩) এখানে পরিষ্কারভাবে উল্লেখ করা যেতে পারে যে, পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদের অন্তর্গত উপরোক্ত ৭৪ টি ব্লকের উন্নয়নের জন্য পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক দপ্তরকে সামগ্রিক দায়িত্ব দেওয়া হয়নি। বস্তুতঃ সমস্ত নিয়মিত দপ্তরই ঐ এলাকার উন্নয়নের জন্য নিজ নিজ বিভাগীয় পরিকল্পনা গ্রহণ করেন। এই বিভাগ কেবলমাত্র ঐ এলাকার সার্বিক উন্নয়নের যে ফাঁক ফোকরগুলি থেকে যায় সেগুলি পূরণ করার দায়িত্বে রয়েছে। সংশ্লিষ্ট জেলাশাসক, জেলা পরিষদ এবং পঞ্চায়েত সমিতি উপরোক্ত ফাঁক ফোকরগুলি পূরণ করার লক্ষ্যে বিভিন্ন পরিকল্পনা তৈরী করে একটি বার্ষিক কার্য পরিকল্পনা গ্রহণ করেন, যা জেলা পরিকল্পনা কমিটি অনুমোদন করেন। ঐ বার্ষিক পরিকল্পনা অনুযায়ী পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ বা জেলা কর্তৃপক্ষকে এই বিভাগ প্রয়োজনীয় অর্থ মঞ্জুর করে। এছাড়া কিছু কিছু জরুরী প্রকল্প পঞ্চায়েত সমিতির সভাপতি, জেলা পরিষদের সভাধিপতি বা জেলা শাসকের মাধ্যমে সরাসরি এই বিভাগকে পাঠানো হয়। ঐ প্রকল্পগুলি গুরুত্ব সহকারে বিবেচনা করে প্রয়োজন হলে সঙ্গে সঙ্গে অর্থ মঞ্জুর করা হয়।

৪) ২০১১-২০১২ আর্থিক বছরে মুখ্যখাত ২৫৭৫-আদার স্পেশাল এরিয়াজ প্রোগ্রাম- এ পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদের পরিকল্পনা প্রকল্পগুলির জন্য মোট **১৩৪,৫৫,২০,০০০.০০** (একশত চৌত্রিশ কোটি পঞ্চান্ন লক্ষ কুড়ি হাজার) **টাকা** সি.ই.ও, পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ, বাঁকুড়া-র অনুকূলে অনুমোদন করা হয়েছিল পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদ, এবং বিভিন্ন দপ্তর ও সংশ্লিষ্ট জেলাশাসক কর্তৃক তৈরি বিভিন্ন পরিকল্পনা খাতে খরচ করার জন্য।

৫) ২০১১-২০১২ আর্থিক বছরের অর্থে নিম্নের বিষয়গুলির ওপর প্রকল্পগুলি তৈরি করা হয়েছিল-

ক) ক্ষুদ্র সেচ

খ) ভূগর্ভস্থ জলের সংরক্ষণ/পুনর্নবীকরণ

গ) আইসি.ডি.এস. গৃহনির্মাণ প্রকল্প।

ঘ) গ্রামীণ রাস্তা এবং কালভার্ট নির্মাণ ও মেরামতি

ঙ) পানীয় জলের ব্যবস্থা

চ) বাউন্ডারি ওয়াল/কমিউনিটি হল নির্মাণ

ছ) বিটুমিনাস রাস্তা/জলাজমির মধ্যে উঁচু রাস্তা/সেতু তথা জলাধার বা নদী থেকে অতিরিক্ত জল নিষ্কাশনের পথ নির্মাণ

জ) বন্যা কবলিত মানুষের জন্য ত্রাণশিবির নির্মাণ

ঝ) স্ব-নির্ভর গোষ্ঠীর মাধ্যমে স্ব-রোজগার পরিকল্পনা

ঞ) শিক্ষা/বৈদ্যুতিকিকরণ/উদ্যান পালন

ট) কার্প হ্যাচারি ইত্যাদি

ঠ) লাক্ষা চাষ

৬) পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদের অফিসগৃহ নির্মাণের জন্য প্রয়োজনীয় জমি ইতিমধ্যেই ভূমি এবং ভূমি সংস্কার দপ্তর পর্ষদকে হস্তান্তর করেছে। প্রাপ্ত জমিতে পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ বাঁকুড়ার পুরো অফিসগৃহটি নির্মাণের কাজ খুব শীঘ্রই সম্পন্ন হবে।প্রথম তলটি ইতিমধ্যে সম্পন্ন হয়েছে এবং সেখানেই পর্ষদ অফিসের কাজকর্ম চলছে।

৭) ২০১২-১৩ আর্থিক বছরে পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক বিভাগ নিম্নের বিষয়গুলির উপর বিশেষ দৃষ্টি আরোপ করবে :-

ক) কর্ম-সংস্থান

খ) ক্ষুদ্র সেচ

গ) কৃষি

ঘ) পানীয় জল সরবরাহ

ঙ) ভূগর্ভস্থ জলের সংরক্ষণ/পুনর্নবীকরণ

চ) বুনিয়াদী শিক্ষা/গ্রামীণ স্বাস্থ্য পরিষেবা

ছ) **ভূমিসংরক্ষন ও জল সম্পদের প্রকৃত ব্যাবহার**

জ) গ্রামীণ রাস্তা নির্মাণ/আইসি.ডি.এস. গৃহনির্মাণ

ঝ) ছোট সেতু/কালভার্ট নির্মাণ

ঞ) মৎস্য চাষ/উদ্যান পালন/প্রাণী সম্পদ উন্নয়ন ইত্যাদি

২০১২-২০১৩ আর্থিক বছরে আর্থিক দিক থেকে পিছিয়ে পড়া অধিকাংশ অনুন্নত সম্প্রদায়ের বাসস্থান **জঙ্গল মহল**- এর উন্নতির জন্য বিশেষ পরিকল্পনা গ্রহণ করার উদ্যোগ নেওয়া হবে।

মহাশয়, এই কথা বলে আমি আগামী ২০১২-২০১৩ আর্থিক বছরের জন্য ৫৮ নং দাবীর মুখ্য খাত **২৫৭৫-আদার স্পেশাল এরিয়াজ প্রোগ্রাম, ২০৫২-সেক্রেটারিয়েট জেনারেল সার্ভিসেস এবং ৪৫৭৫-ক্যাপিটাল আউটলে অন আদার স্পেশাল এরিয়াজ্ প্রোগ্রাম**- এর জন্য মোট ২০৮,০৯,৪৭,০০০(দুই শত আট কোটি নয় লক্ষ সাতচল্লিশ হাজার) টাকা ব্যয় বরাদ্দ অনুমোদনের জন্য সভায় পেশ করছি।